গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
লোহাগাড়া, চট্টগ্রাম
www.bbs.lohagara.chittagong.gov.bd

স্মারক নং-৫২.০১.১৫৪৭.০০০.০৬.২০-০০৫

তারিখঃ ১০ই আগস্ট, ২০২১ খ্রিঃ
২৬শে শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনাকার্যক্রমে তথ্য সংগ্রহের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে (শুধুমাত্র শুমারি সময়ের জন্য) 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন। | ১) নূন্যতম স্নাতক/সমমানের পাস হতে হবে তবে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে শিক্ষাগত যোগ্যাতা শিথিলযোগ্য।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৪) নিজ ওয়ার্ড/ইউনিয়নের অধীন সকল গ্রাম/মৌজা ভালভাবে চিনতে হবে। |
| ০২) | তালিকাকারী/ গণনাকারী | প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন। | ১) নূন্যতম এইচএসসি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৪) পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।<br>৫) নিজ ওয়ার্ড/ইউনিয়নের অধীন সকল গ্রাম/মৌজা ভালভাবে চিনতে হবে। |

**নিয়মাবলী/ শর্তাবলী:**

১) Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে **ট্যাবের মাধ্যমে** শুমারী তথ্য সংগ্রহ করতে হবে বিধায় এন্ড্রয়েড মোবাইল/স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।

**২) তথ্য সংগ্রহকারীগণ মূল শুমারির ০৭ দিনে (২৫ অক্টোবর- ৩১ অক্টোবর, ২০২১খ্রি:) গড়ে ১২০টি (কম/বেশী হতে পারে) খানার তথ্যসংগ্রহ করবেন এবং মূল শুমারির পূর্ববর্তী ০২ দিন সংশ্লিষ্ট গণনা এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক সকল খানা তালিকাভুক্ত করবেন।**

৩) তথ্য সংগ্রহকারীদের মৌজা ভিত্তিক নিয়োগ করা হবে। যে মৌজায় যত জন লোক লাগবে সে মৌজা থেকে তত জন লোক নিয়োগ করা হবে। যদি কোনো মৌজা থেকে যোগ্যতা সম্পূর্ণ প্রার্থী পাওয়া না যায় তাহলে পাশ্ববর্তী মৌজা থেকে নিয়োগ করা হবে।তাই ক্ষেত্র বিশেষে অন্য মৌজায় কাজ করার মানসিকতা থাকতে হবে।

৪) শুমারি চলাকালীন সময়ে নির্বাচিত প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিয়োজিত করতে পারবেন না।

৫) নির্ধারিত আবেদন ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের, লোহাগাড়া, চট্টগ্রাম এর ওয়েবসাইট www.bbs.lohagara.chittagong.gov.bd অথবা উপজেলা পরিসংখ্যান কার্যালয়, লোহাগাড়া, চট্টগ্রাম ফেসবুক পেইজ থেকে ডাউনলোড করা যাবে। এছাড়াও উপজেলা ডিজিটাল সেন্টার ও সকল ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টার থেকে আবেদনপত্র সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।

৬)অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে প্রতিটি ইউনিয়নে কমপক্ষে ৫০% নারী শুমারিকর্মী মনোনয়নের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।

**৭) সকল পদের আবেদন পত্র আগামী ২০/০৮/২০২১ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, লোহাগাড়া, চট্টগ্রাম এ নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। আবেদন পত্রের সাথে সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে এবং আবেদন পত্রের খামের উপর পদের নাম, বিকাশ একাউন্টযুক্ত নিজস্ব মোবাইল নম্বর, ইউনিয়নের নাম, মৌজার নাম এবং এনআইডি (নিজের এনআইডি না থকলে মা অথবা বাবার এনআইডি) লিখতে হবে।**

৮) ভুল ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। একজন প্রার্থী একটিমাত্র পদে আবেদন করতে পারবে।

৯) প্রার্থীদের প্রাথমিকভাবে নির্বাচনের জন্য মৌখিক পরীক্ষায়(প্রয়োজনবোধে) ডাকা হবে।

**১১ প্রাথমিকভাবে নির্বাচিত সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারীগণকে আবশ্যকিভাবে স্ব স্ব স্মার্টফোন দিয়ে ঢাকা থেকে পরিচালিত ই-ট্রেনিং এ অংশগ্রহণ করতে হবে। ই-ট্রেনিং এ সফল হলেই কেবল শুমারিতে তথ্য সংগ্রহ ও তদারকি কাজে সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারী হিসেবে চুড়ান্তভাবে মনোয়ন প্রদান করা হবে।**

১২) প্রাথমিকভাবে নির্বাচিতদের তালিকা এবং ই-ট্রেনিং শেষে শুমারির জন্য চুড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা উপজেলা নিবার্হী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ও ফেসবুক পেইজে প্রকাশ করা হবে।

১৩) শুমারির জন্য নির্বাচিত প্রার্থীদের মোবাইল ব্যাংকিং হিসাব (বিকাশ একাউন্ট নম্বর) সচল রাখা বাধ্যতামূলক।

১৪) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী মূলশুমারির প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষনিক বাতিল বলে গণ্য হবে।

**১৫) গত ০৫.০১.২০২০খ্রি: তারিখের বিজ্ঞপ্তিতে আবেদন করে যারা তালিকাকারী/সুপারভাইজার হিসেবে চুড়ান্তভাবে নির্বাচিত হয়েছেন তারা মূল শুমারিতে কাজ করার সুযোগ পাবেন বিধায় তাদের আর আবেদন করার প্রয়োজন নেই। তবে আবেদন করেও যারা নির্বাচিত হননি, তাদেরকে নতুন করে আবেদন করতে হবে।**

১৬) মৌখিক পরিক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও ই-ট্রেনিং এ অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭) নির্বাচিত প্রার্থী শুমারি চলাকালীন সময়ে কর্তৃপক্ষের নিদের্শনা অনুযায়ী কার্যক্রম সম্পাদন করবেন, অন্যথায় নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৮) এ নিয়োগটি শুধুমাত্র শুমারি কার্যক্রম চলমান সময় পর্যন্ত বলবৎ থাকবে এবং শুমারি কার্যক্রম শেষ হওয়ার সাথে সাথে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৯) কতৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে নিয়োগ প্রক্রিয়াস্থগিত, বাতিল কিংবা সংযোজন ও বিয়োজন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০/৮/২১

(মোঃ আহসান হাবিব জিতু)
উপজেলা নির্বাহী কর্মকর্তা
লোহাগাড়া, চট্টগ্রাম।
ও
সভাপতি
গণনাকারী ও সুপারভাইজার যাচাই বাছাই কমিটি